

তালায় অভিযান: অবৈধ কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল জব্দ, জরিমানা ও ধ্বংস

২০ জুলাই ২০২৫ খ্রিঃ



সাতক্ষীরার তালা উপজেলার জাতপুর ও তালা বাজারে গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত অভিযানে বিপুল পরিমাণ অবৈধ মৎস্য ধরার জাল জব্দ ও ধ্বংস করা হয়েছে। অভিযানে তিনটি দোকানে হানা দিয়ে আনুমানিক ৭০,০০০ মিটার কারেন্ট জাল এবং ১৩টি অবৈধ চায়না দুয়ারী জাল উদ্ধার করা হয়। অভিযান পরিচালনা করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, তালা, সাতক্ষীরা। এ সময় উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি) এর সার্বিক সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালিত হয়।

অবৈধ জাল ব্যবহারের অপরাধে **মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০** অনুযায়ী একজনকে ১০,০০০ টাকা এবং অন্যজনকে ৫,০০০ টাকা জরিমানা করা হয়।

পরে নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে জব্দকৃত জালগুলো জনসমক্ষে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়। অভিযানে স্থানীয় জনগণের উপস্থিতিতে অবৈধ জাল ব্যবহার, ক্রয়-বিক্রয় ও

পরিবহনের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতনতামূলক বক্তব্য দেওয়া হয়।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ তারিক ইমাম জানান, “অবৈধভাবে কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল ব্যবহারের কারণে মাছের প্রজনন ব্যাহত হয় এবং প্রাকৃতিক মৎস্যসম্পদের স্থায়ী ক্ষতি হয়। এ ধরনের অভিযান নিয়মিত চালানো হবে।” এ সময় উপস্থিত মৎস্যজীবী ও ব্যবসায়ীদের বৈধ উপায়ে মাছ ধরার জন্য উদ্বুদ্ধ করা হয় এবং আইন অমান্যকারীদের বিরুদ্ধে ভবিষ্যতেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানান সংশ্লিষ্ট কর্মকর্তারা।

● সতর্কবার্তা:

অবৈধ জাল ব্যবহার সম্পূর্ণ বেআইনি এবং মৎস্য সম্পদের জন্য মারাত্মক হুমকি। দেশ ও ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানানো হয়।